ডকুমেন্টেশন কেন্দ্র

দৈনিক সংবাদ

তারিখ ...23 JUN 1988...
পৃষ্ঠা ...4... কলাম ...3...

৩

022

## বোর্ডের বইয়ে বিভ্রান্তিকর তথ্য

টেকস্ট বুক বোর্ড ও শিক্ষা বোর্ড কর্তৃক প্রকাশিত বইতে কবি ও লেখকদের জীবন পরিচিতিতে বিভ্রান্তিকর তথ্য পরিবেশন করা হয়েছে। যেমন লেখক সৈয়দ মুজতবা আলীর জন্ম ও মৃত্যুর তারিখ নিম্নরূপ দেয়া আছে। সপ্তম শ্রেণীর শতদল বইতে জন্ম ১৯০৪ খৃষ্টাব্দে মৃত্যু ১৯৭৪ খৃষ্টাব্দে, নবম ও দশম শ্রেণীর মাধ্যমিক বাংলা সাহিত্যে জন্ম ১৯০৭ খৃষ্টাব্দে, মৃত্যু ১৯৭৪ খৃষ্টাব্দে, উচ্চ মাধ্যমিক শ্রেণীর উচ্চ মাধ্যমিক সাহিত্য সংকলনে জন্ম ১৯০৫ খৃষ্টাব্দে, মৃত্যু ১৯৭৮ খৃষ্টাব্দে।

কবি জসীম উদ্দিনের জন্ম তারিখ মাধ্যমিক বাংলা সাহিত্য ও উচ্চ মাধ্যমিক সাহিত্য সংকলনে দেয়া আছে যথাক্রমে ১৯০৩ ও ১৯০২ খৃষ্টাব্দে।

এখন আমাদের জিজ্ঞাসা, আমরা কোনটি সঠিক বলে ধরে নিব? জাতীয় প্রকাশনা সংস্থা যদি এ ধরনের দায়িত্বহীন বিভ্রান্তিকর তথ্য পরিবেশন করেন, তা হলে আমরা সঠিক তথ্য সংগ্রহ করব কিভাবে? টেক্সটবুক বোর্ড ও শিক্ষা বোর্ড কর্তৃপক্ষকে সঠিক তথ্য প্রদানের জন্য অনুরোধ করছি।

মোঃ আবদুল হাই তালুকদার,
গ্রাম-চর কালাচাঁদ
পোঃ-গেরাজিয়া-সাপ্তাসা
উপজেলা : লালমোহন
জেলা : ভোলা